রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জুন ৯, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ জ্যৈষ্ঠ ১৪৩৩/ ০৭ জুন ২০২৬

নং **০৩.২৪.০০০০.০৭৬.৪৫.০০১.২০(অংশ-২)-৭২।**—রাষ্ট্রীয় মালিকানাধীন মিল-কারখানা ইজারা গ্রহীতাগণ ও সরকারি জমিতে বেসরকারি উদ্যোগে স্থাপিত শিল্প প্রতিষ্ঠানসমূহ ব্যাংক ঋণ প্রাপ্তি সহজীকরণের জন্য নিম্নরূপভাবে একটি কমিটি গঠন করা হলো:

**কমিটির গঠন:**

| | | | |
|---|---|---|---|
| ০১) | মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয় এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয় | : | সভাপতি |
| ০২) | উপদেষ্টা, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় | : | সদস্য |
| ০৩ | প্রধান নির্বাহী কর্মকর্তা, পাবলিক প্রাইভেট পার্টনারশিপ কর্তৃপক্ষ | : | সদস্য |
| ০৪) | গভর্নর, বাংলাদেশ ব্যাংক | : | সদস্য |
| ০৫) | সচিব, অর্থ বিভাগ | : | সদস্য |

**কার্যপরিধি:**

(ক) রাষ্ট্রীয় মালিকানাধীন মিল-কারখানার ইজারা গ্রহীতাগণ ও সরকারি জমিতে বেসরকারি উদ্যোগে স্থাপিত শিল্প প্রতিষ্ঠানসমূহের ঋণ প্রাপ্তি সহজীকরণে সুপারিশ প্রণয়ন; এবং

(খ) সরকারি জমিতে বেসরকারি উদ্যোগে গৃহীত প্রকল্প ফিজিবল হলে ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড (ইডকল)/বাংলাদেশ ইনফ্রাস্ট্রাকচার ফাইন্যান্স ফান্ড লিমিটেড (বিআইএফএফএল)-কে ঋণ প্রদানের নির্দেশনা প্রদান।

০২। কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

০৩। বস্ত্র ও পাট মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জান্নাতুল ফেরদৌস**
পরিচালক-০৯ (প্রতিকল্প)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd